

## الْجَلِيلِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৪২ তম নাম ‘الْجَلِيلِ’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْجَلِيلِ’ শব্দের মূল ج - ل - ل , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে মাত্র ২ বার এসেছে। আল্লাহ الْجَلِيلِ অর্থ: ‘তিনি অতি বড় মর্যাদাশীল’।

**মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:**

كُلُّ مَنْ عَلَيْهَا فَانٍ ﴿٨٦﴾ وَيَبْقَىٰ وَجْهَ رَبِّكَ ذُو الْجَلَالِ وَالْإِكْرَامِ ﴿٢٧﴾

পৃথিবীতে যা কিছু আছে সবই বিলীন হয়ে যাবে, বাকি থাকবে কেবল তোমার মর্যাদাবান, মহানুভব প্রভুর মুখমণ্ডল (সত্তা)। (সূরা আর রাহমান: আয়াত নং ২৬ থেকে ২৭)

تَبَارَكَ اسْمُ رَبِّكَ ذِي الْجَلَالِ وَالْإِكْرَامِ ﴿٧٨﴾

অতিশয় মহান কল্যাণময় তোমার প্রভুর নাম, যিনি অতিব মর্যাদাবান, মহানুভব। (সূরা আর রাহমান: আয়াত নং ৭৮)

**মুসলিম শরীফের হাদিস :**

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْعَجْزِ وَالْكَسَلِ، وَالْجُبْنِ وَالْهَرَمِ وَالْبُخْلِ، وَأَعُوذُ بِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ، وَمِنْ فِتْنَةِ الْمَحْيَا الْمَمَاتِ فِي رِوَايَةِ وَضَلْعِ الدِّينِ وَعَلْبِهِ -

‘হে আল্লাহ! আমি আশ্রয় চাচ্ছি তোমার কাছে অক্ষমতা, আলস্য, কাপুরুষতা, বার্ধক্য, কার্পণ্য, কবরের আযাব, জীবন ও মৃত্যুর ফিতনা থেকে। অন্য বর্ণনায় আছে: ঋণের ভয়াবহ বোঝা ও লোকদের পরাভব থেকে। আসুন, আমরা অতি মর্যাদাবান আল্লাহ ও তাঁর রাসূলের নির্দেশিত পথে চলে তাঁর আনুগত্য করি। আল্লাহর সাথে কাউকে শরিক না করি। কারণ, শিরকের গুনাহ তিনি ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।